# শেষের থেকে শুরু

শ্রীমতি অরুণা দাস
১২৮ এ (দ্বীতল) আই পি কলোনী
ফরিদাবাদ

পথ যেখানে শেষ হয়েছে
সেই পথেরই বাঁকে
নতুন পথের জন্ম হল
সবুজ ঘাসের ঝাঁকে,
আকাশ যেথায় দিগন্তিকায়
নীল নীলিমায় মেশা
নতুন আকাশ জন্ম দিল
দিগন্তিকার দিশা ।।
নদী যেথায় পথ হারালো
ছন্দ হল শেষ
মোহানা তার নামটি দিল
নতুন নামের রেশ
জন্ম যেথা মৃত্যু মাঝে
আপন দিশা হারায়
মৃত্যু যেথায় নতুন জীবন
অঙ্কুরিত করায় ।।
কান্না হাসির মিলন দোলায়
মৃত্যু জীবন হাসে
শরৎ আলোর খুশীর কিরণ
লাগল সাদা কাশে ।
ঢ্যাঙ কুড়া কুড় বাদ্যি বাজে
মা এসেছে ঘরে
সোনার আলো শতদলে
উপছে কেমন পড়ে ।।
শিউলি ফুলে হাসির ছোঁয়া
আকাশ গাঢ় নীল
দোপাটির হাসি দেখে
জুড়িয়ে গেল দিল ।